# Times Today BD

এম এস রহমান | দেশজুড়ে | 29 June, 2025

পাবনা মানসিক হাসপাতালে দালাল মুক্ত করতে অভিযান চালানো হয়েছে।অভিযানে সেখান থেকে ৯ জন দালালকে আটক করা হয়েছে।এ সময় তাদের ভ্রাম্যমাণ আদালতের মাধ্যমে কারাদণ্ড দেয়া হয়।

জেলা প্রশাসন ও জাতীয় নিরাপত্তা গোয়েন্দা-এনএসআই এর সহযোগিতা রবিবার (২৯ জুন) সকাল দশটার দিকে হাসপাতালের বহির্বিভাগে এই অভিযান চালিয়ে তাদের আটক করে পুলিশ।

পরে পাবনা সদর উপজেলার সহকারী কমিশনার (ভূমি) ও নির্বাহী ম্যাজিস্ট্রেট মুরাদ হোসেনের ভ্রাম্যমাণ আদালত তাদের এক মাসের কারাদণ্ড প্রদান করেন।

আটককৃতরা হলেন, পাবনা সদর উপজেলার হেমায়েতপুর ইউনিয়নের কিসমত প্রতাপপুর গ্রামের মৃত রফিজ উদ্দিনের ছেলে মুকাররম হোসেন (৫০), মুনসুর আলীর ছেলে জহুরুল ইসলাম (৪২), ইসলামপুর গ্রামের মৃত জামাল শেখের ছেলে হালিম শেখ (৪০), আব্দুল লতিফ মণ্ডলের ছেলে মানিক মণ্ডল (২৪), হেমায়েতপুর গ্রামের মৃত সামাদ শেখের শফিকুল শেখ (৫৫), শহিদ আলীর  ছেলে ছাবিত আলী (১৯), মুনজির হোসেনের ছেলে মুন্নাফ হোসেন (৩১), বুদেরহাট গ্রামের শহিদুল ইসলামের ছেলে জুয়েল রানা (৩০) এবং চাঁপাইনবাবগঞ্জের মৃত ইসরাইল হোসেনের ছেলে আলমগীর হোসেন (৩৫)।

এনএসআই ও পুলিশ জানায়, দালালের কাছে প্রায় জিম্মি ছিল মানসিক হাসপাতাল।দূর-দূরান্ত

থেকে আসা রোগীরা দালালদের খপ্পরে পরে নানাভাবে হয়রানির শিকার হচ্ছিলেন।এনএসআই এর এমন তথ্যের ভিত্তিতে অভিযান চালানো হয়।অভিযানের সময় হাতেনাতে আটক করা হয় ৯ জন দালালকে।পরে তাদের ভ্রাম্যমান আদালতে কারাদণ্ড দেয়া হয়।

বিষয়টি নিশ্চিত করে হেমায়েতপুর পুলিশ ফাঁড়ির ইনচার্জ তারিকুল ইসলাম বলেন, গোপন সংবাদের ভিত্তিতে তাদের আটক করা হয়।পরে সদর এসিল্যান্ড ও এনএসআইয়ের মাধ্যমে তাদের কারাদণ্ড দেয়া হয়।আমরা শুধু সহযোগিতা করেছি।পরবর্তী আইনি প্রক্রিয়া শেষে তাদের জেলহাজতে পাঠানো হবে।

ভ্রাম্যমান আদালত মানসিক হাসপাতাল পাবনা

---

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 30 June, 2025 03:07

URL: https://www.timestodaybd.com/across-the-country/7758073915